

সংশ্লিষ্ট সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ডিসেম্বর ২০০৯ পর্যন্ত ন্যূনতম লক্ষমাত্রা অর্জনের সময় দেয়া প্রতিষ্ঠান প্রসঙ্গে।

এই মর্মে সংশ্লিষ্ট সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহকে জানানো যাচ্ছে যে, ডিসেম্বর ২০০৯ এর মধ্যে ন্যূনতম লক্ষমাত্রা (অর্থাৎ ন্যূনতম ১,০০০ ঋণগ্রহীতা অথবা ৪০ লক্ষ টাকা ঋণস্থিতি) অর্জনের জন্যে যে সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে সময় দেয়া হয়েছিল তাদের মধ্যে যারা উক্ত সময়ের মধ্যে ন্যূনতম ৮০০ ঋণগ্রহীতা এবং ৩০ লক্ষ টাকা ঋণস্থিতির পর্যায়ে উন্নীত হতে পারে নাই তাদেরকে মার্চ ২০১০ এর মধ্যে ক্ষুদ্রঋণ কার্যক্রম বন্ধ করে এ যাবৎ গৃহীত সঞ্চয় ফেরৎ প্রদানের নির্দেশ দেয়া যাচ্ছে। তবে, এদের মধ্যে **Community Based Organization (CBO)** সমূহ যারা প্রতিষ্ঠানের সদস্যদের দ্বারা পরিচালিত এবং যাদের সদস্য সঞ্চয় প্রতিষ্ঠান কর্তৃক সংরক্ষিত হয় না তারা উপরোক্ত নির্দেশের আওতাভুক্ত হবে না।

পক্ষান্তরে, যে সকল প্রতিষ্ঠান উক্ত তারিখের মধ্যে ন্যূনতম লক্ষমাত্রা (অর্থাৎ ন্যূনতম ১,০০০ ঋণগ্রহীতা অথবা ৪০ লক্ষ টাকা ঋণস্থিতি) অর্জন করেছে তাদের ডিসেম্বরভিত্তিক রিপোর্ট যাচাই করে পরবর্তী নির্দেশ দেয়া হবে।

উপরোক্ত নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনারদের বিশ্বস্ত,



(মোঃ সাজ্জাদ হোসেন)

পরিচালক

ফোন: ৯৫৫৯৬১৬।

অনুলিপি নং- এমআরএ/রেগু-৭/২০১০-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :-

তারিখ: ঐ

- ১। গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
- ৫। সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
- ৬। রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক এন্ড কোম্পানীজ, ঢাকা।
- ৭। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৮। সকল জেলা প্রশাসক।



(মোঃ সাজ্জাদ হোসেন)

পরিচালক

ফোন: ৯৫৫৯৬১৬।